

জবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হলেন মোহাম্মদ জাহিদ

জবি সংবাদদাতা

১৪ আগস্ট,
২০২৪ ১৯:১৯

শেয়ার

অ +

অ -



মোহাম্মদ জাহিদ আলম। ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) রেজিস্ট্রার হিসেবে মোহাম্মদ জাহিদ আলমকে নিয়োগ দেওয়া হয়েছে। বুধবার (১৪ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল হালিম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল হালিম বিষয়টি নিশ্চিত করেছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে কর্মরত মোহাম্মদ জাহিদ আলমকে উপাচার্য মহোদয় যোগদান করা পর্যন্ত রেজিস্ট্রারের শূন্য পদের ভারপ্রাপ্ত দায়িত্ব প্রদান করা হলো।

নতুন দায়িত্ব পেয়ে মোহাম্মদ জাহিদ আলম বলেন, ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী সবাই একটা পরিবার। পরিবারের সবাইকে নিয়ে কাজ করতে চাই। ব্যক্তিগত উদ্ধারের জন্য কোনো কাজ করতে চাই না।’